

জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) বাস্তবায়নের লক্ষ্যে বিস্ফোরক পরিদপ্তরে  
গঠিত নৈতিকতা কমিটির ০৮/৩/২০২২ তারিখে অনুষ্ঠিত ৩য় সভার কার্যবিবরণী

সভাপতি : মোহা: নায়েব আলী (যুগ্মসচিব), প্রধান বিস্ফোরক পরিদর্শক।  
সভার তারিখ ও সময় : ০৮/৩/২০২২ খ্রি:, বেলা ১০:০০ ঘটিকা।  
সভার স্থান : প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কক্ষ।  
সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট- 'ক'।

১। আলোচনা:

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ফোকাল পয়েন্ট ড. মোঃ আব্দুল হাম্মান, উপপ্রধান বিস্ফোরক পরিদর্শককে আলোচ্য সূচি অনুসারে আলোচনা করার জন্য আহ্বান করেন। ফোকাল পয়েন্ট সভাপতিকে ধন্যবাদ জানিয়ে বিকল্প ফোকাল পয়েন্ট জনাব সানজিদা আক্তার, সহকারী বিস্ফোরক পরিদর্শককে বিস্তারিত উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন।

২। জনাব সানজিদা, সহকারী বিস্ফোরক পরিদর্শক বলেন, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত অদ্য নৈতিকতা কমিটির ৩য় সভা আহ্বান করা হয়েছে। তিনি আরো বলেন, লক্ষ্যমাত্রা অনুসারে ইতোমধ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত একটি সভা হয়েছে। আগামী ১৫/৩/২০২২ তারিখে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের দ্বিতীয় সভা আহ্বান করা হয়েছে। লক্ষ্যমাত্রা অনুসারে শুদ্ধাচার সংক্রান্ত একটি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। ৪র্থ কোয়ার্টারের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণটি এপ্রিল মাসে আয়োজন করা যেতে পারে।


৩। জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর কার্যক্রম নম্বর ১.৫ অনুসারে উন্নত কর্মপরিবেশ নিশ্চিতকরণে বিধি মোতাবেক নথি বিনষ্ট করা হয়েছে। তিনি আরও জানান যে, কার্যক্রম নম্বর ১.৬ অনুসারে কর্মপরিকল্পনা ও ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। কার্যক্রম নম্বর ১.৭, ৩.১, ৩.৩ অনুসারে লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্য সম্পাদন করা হয়েছে। কার্যক্রম ৩.৫ এ উল্লিখিত অভিযোগ হার্ডকপিতে ও অনলাইনে নিষ্পত্তি করা হচ্ছে। প্রশাসন শাখায় রক্ষিত অভিযোগ/মতামত বক্স নিয়মিত উন্মুক্ত ও মনিটরিং করার জন্য ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে।

৪। সভাপতি বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ অনুযায়ী ৩য় কোয়ার্টারে ০৫/৪/২০২২ তারিখে ফায়ার ফাইটিং মহড়া আয়োজনের জন্য ১৫/২০ দিন পূর্বে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করে মহড়ার তারিখ নিশ্চিত করতে হবে।

সিদ্ধান্ত:

- শুদ্ধাচার বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করতে হবে।
- ফায়ার ফাইটিং মহড়া আয়োজনের জন্য ১৫/২০ দিন পূর্বে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করতে হবে।
- দ্রুত অভিযোগ নিষ্পত্তি করতে হবে।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোহা: নায়েব আলী)

যুগ্মসচিব

প্রধান বিস্ফোরক পরিদর্শক

টেলিফোন: ২২২২২৫২৫৮

e-mail: dhaka@explosives.gov.bd